

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 27.06.2024**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবর -**

১) দখলদার উচ্চেদ নিয়ে আজ নবান্নে প্রশাসনিক বৈঠকে বসছেন মুখ্যমন্ত্রী।

বেআইনীভাবে হকার উচ্চেদ করা হচ্ছে বলে অভিযোগ তুলেছে বিজেপি।

২) বিভিন্ন দণ্ডে ৫৫২ টি নতুন পদ সৃষ্টির অনুমোদন দিয়েছে রাজ্য মন্ত্রিসভা।

৩) রাজ্যে ভোট পরবর্তী হিংসা মামলায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখার মেয়াদ আর বাড়ছেন।

৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম আজ সাংসদের উভয় সভার যৌথ অধিবেশনে ভাষণ দেবেন।

৫) নব নির্বাচিত দুই বিধায়কের শপথ গ্রহণকে কেন্দ্র করে জটিলতা অব্যাহত।

দখলদার উচ্চেদ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ প্রশাসনিক বৈঠক ডেকেছেন।

বেলা ১২ টায় নবান্ন সভাঘরে এই বৈঠকে হাজির থাকার জন্য মুখ্যসচিব, স্বরাষ্ট্র সচিব

ছাড়াও বিভিন্ন দণ্ডের সচিব, জেলাশাসক, পুলিশ সুপার ও পুলিশ কমিশনারদের নির্দেশ দেওয়া হয়েছে। ভার্চুয়ালি এই বৈঠকে যোগ দেবেন রাজ্যের বিভিন্ন থানার ওসি ও আইসি-রা।

উল্লেখ্য সরকারি জায়গা বেআইনীভাবে দখল হয়ে যাওয়া নিয়ে গত সোমবার পুরসভা ও পুরনিগমণ্ডলির চেয়ারম্যান, মেয়র এবং প্রশাসনিক আধিকারিকদের ভৎসনা করেছিলেন মুখ্যমন্ত্রী। পুর পরিষেবায় গাফিলতি নিয়ে তিনি তীব্র উষ্মা করেন। এরপরই রাজ্যের বিভিন্ন জায়গায় শুরু হয় দখলদার উচ্ছেদ অভিযান।

বিরোধীরা এই অভিযানের সমালোচনা করে, এতদিন মুখ্যমন্ত্রী চোখ বন্ধ করে ছিলেন কেন, সেই প্রশ্ন তুলেছেন। এই সমালোচনার জবাবে ত্রৃণমূল কংগ্রেসের রাজ্য সহ সভাপতি জয়প্রকাশ মজুমদার, এই ধরনের সাহসী পদক্ষেপ বিরোধী দলগুলির কোনো নেতা দেখাতে পারবেন কিনা, সেই চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছেন। তিনি বলেছেন, এ ব্যাপারে মমতা ব্যানার্জীর কাছ থেকে বিরোধীদের শিক্ষা নেওয়া উচিত।

---

বেআইনিভাবে হকার উচ্ছেদ করা হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, রাজ্য সরকার বিশেষ কিছু এলাকায় আগাম নোটিশ না দিয়ে হকারদের উচ্ছেদ করছে।

সরকারি জমি অধিগ্রহণের জন্য রাজ্য সরকারকে প্রথমে এসওপি বা মান্য কার্যবিধি তৈরি করে সব দপ্তরকে নিয়ে সরকারি জমি চিহ্নিত করতে হবে। এরপর হকারদের আইনি নোটিশ দিতে হবে। বিরোধী দলনেতা জানান, সল্টলেক, রাজারহাট, হাতিবাগান সহ যেসব এলাকায় গ্রাম থেকে আসা দরিদ্র মানুষেরা হকারী করে জীবনধারণ করছে, সেইসব এলাকায় পুলিশ তাদের উচ্ছেদ করছে।

## বাইট

মেটিয়াবুরুজ, পার্ক সার্কাস রাজাবাজার এলাকা, যেখানে বিশেষ জনগোষ্ঠী বসবাস করে, সেখানে কবে উচ্ছেদ হবে শ্রী অধিকারী সেই প্রশ্ন তোলেন। তিনি বলেন, বিজেপি শহরের পরিচ্ছন্নতা এবং উন্মুক্ত ফুটপাতের বিরোধী নয়। তবে অবিলম্বে পুলিশকে বিরত না করলে এবং নোটিশ ছাড়া অন্যায়ভাবে হকার উচ্ছেদ করা হলে রংখে দাঁড়াবার জন্য বিরোধী দলনেতা দলীয় নেতাকর্মী সহ সবাইকে আহ্বান জানিয়েছেন।

---

মুখ্যমন্ত্রীর কড়া বার্তার পর গতকালও কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জায়গায় রাস্তা ও ফুটপাথ জবরদস্থল মুক্ত করার অভিযান চলে। নিউটাউনে এই অভিযান চলাকালীন দোকানমালিকরা পুলিশকে বাধা দিলে বচসা শুরু হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পৌঁছায় বিধাননগর পুলিশের বিশাল বাহিনী। এন কে ডি এ-র পক্ষ থেকে মাইকিং করা

হয়। কানায় ভেঙে পড়তে দেখা যায় ব্যবসায়ীদের অনেককেই। উচ্চেদ অভিযান চলে আলিপুর, ভবানীপুরের যদুবাবুর বাজার, বেহালার মতো অনেক জায়গাতেই। জেসিবি দিয়ে ভেঙে দেওয়া হয় বেআইনী দোকান ও কাঠামো। আলিপুর চিড়িয়াখানার গেটের পাশের দোকানগুলিও ভাঙ্গা পড়েছে।

এদিকে, গতকাল নিউমার্কেট এলাকা ঘুরে দেখেন নগরপাল বিনীত গোয়েল। পরে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী গোয়েল বলেন,

### বাইট

উত্তর দিনাজপুরের গোয়ালপোখর এক নম্বর ব্লকের পাঞ্জীপাড়া বাজারে জেসিবি ও ট্র্যাক্টর নিয়ে ফুটপাথ দখলমুক্ত করার জন্য হাজির হন বিডিও কিংশুক মাইতি, ইসলামপুরের মহকুমাশাসক ও পুলিশ বাহিনী। ব্যবসায়ীদের দুদিনের মধ্যে বেআইনী ভাবে তৈরী সমস্ত দোকান খালি করে দিতে বলা হয়।

বীরভূমের সিউড়ি শহরে পুলিশকে সঙ্গে নিয়ে চেয়ারম্যান উজ্জ্বল চট্টোপাধ্যায়, উচ্চেদ অভিযানে নামেন। মসজিদ মোড় এলাকায় রাস্তা দখল করে গজিয়ে ওঠা দোকানপাট ভেঙে দেওয়া হয়।

পুলিশের বিশেষ দখলদার উচ্ছেদ অভিযানে হাওড়া সিটি পুলিশের অধীন প্রধান রাস্তাগুলিতে বেআইনী পার্কিং-এর ৩৭৫ টি মামলা রুজু করা হয়েছে। হাওড়া ব্রীজে ওঠার রাস্তার পাশের ফুটপাথ থেকে সরিয়ে দেওয়া হয়েছে হকারদের অস্থায়ী ছাউনী।

বাঁকুড়ার বিষ্ণুপুরে ঐতিহাসিক লালবাঁধের পাড়ে থাকা অবৈধ দোকান উচ্ছেদ করতে উদ্যোগী হয়েছে পুরসভা। ২৪ ঘন্টার মধ্যে ব্যবসায়ীদের উঠে যেতে বলা হয়েছে।

---

CITU ও অমানবিক হকার উচ্ছেদের তীব্র নিন্দা করেছে। পাশাপাশি অবিলম্বে রাজ্যের হকার ইউনিয়ন গুলির সঙ্গে রাজ্য সরকারকে আলোচনায় বসার দাবি জানিয়েছে তারা। সংগঠনের রাজ্য সভাপতি সুভাষ মুখোপাধ্যায় ও রাজ্য সম্পাদক অনাদি সাহু গতকাল এক বিবৃতিতে এই দাবি জানানোর পাশাপাশি কেন্দ্রীয় হকার আইন ২০১৪ অবিলম্বে বলবত্ত করার কথা বলেছেন।

---

রাজ্য সরকার বিভিন্ন সরকারি দফতরে শূন্যপদ পূরণে উদ্যোগী হয়েছে। পূরণে পদ পূরণের পাশাপাশি প্রকল্প ও পরিষেবায় গতি আনতে নতুন পদ সৃষ্টির উদ্যোগ নেওয়া হচ্ছে। নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এরকম ৫০০ র বেশি নতুন পদ সৃষ্টির অনুমোদন দেওয়া হয়েছে। নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, স্বরাষ্ট্র দফতর, প্রাণী

সম্পদ বিকাশ দফতর, শিক্ষা দফতর মিলিয়ে মোট ৫৫২ টি নতুন পদ তৈরি করা হয়েছে। জানা গেছে স্বরাষ্ট্র দফতরে ১০০ টি নতুন পদ তৈরির ব্যাপারে অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রাণী সম্পদ বিকাশ দফতরের বিভিন্ন স্তরে ২৭০ টি পদ সৃষ্টি করা হয়েছে। বিভিন্ন সরকারি স্কুলে ৩৫ জন শিক্ষক নিয়োগ করা হবে। এর পাশাপাশি অন্যান্য কয়েকটি দফতরে বেশ কিছু নতুন পদ সৃষ্টির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। লোকসভা নির্বাচনের পরে আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরহিত্য প্রথমবার বৈঠকে বসে রাজ্য মন্ত্রিসভা।

---

বনরক্ষী নিয়োগের নিয়ম বদল করেছে রাজ্য সরকার। গতকাল নবান্নে মন্ত্রিসভার বৈঠকে এসংক্রান্ত সিদ্ধান্তে অনুমোদন দেওয়া হয়। এতদিন রাজ্যে বনরক্ষী নিয়োগের দায়িত্বে পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড থাকলেও এখন থেকে এই পদে নিয়োগ করবে পাবলিক সার্ভিস কমিশন। এক্ষেত্রে প্রার্থীদের শারীরিক গঠনের মাপকাঠিতেও কিছু ছাড় দেওয়া হয়েছে। বনাঞ্চলের অধিবাসীদের নিয়োগে অগ্রাধিকার দেওয়া হবে।

---

বিদ্যুৎ চালিত এবং পরিবেশ বান্ধব গাড়ি কেনায় উৎসাহ দিতে রেজিস্ট্রেশন ফি ও পথ করে ছাড়ের সময়সীমা বাড়াল রাজ্য সরকার। এই সময়সীমা আরও ১ বছর

বাড়ানো হয়েছে। পরিবেশ বান্ধব বা বৈদ্যুতিক গাড়ি কিনলে আগামী ১ বছর রেজিস্ট্রেশন ফি ও পথ করে ছাড় মিলবে। ২০২২ সালে পরিবহন দণ্ডের বিজ্ঞপ্তি জারি করে জানায়, পরিবেশ বান্ধব গাড়ি কিনলে দু'বছর রেজিস্ট্রেশন ফি ও পথ কর দিতে হবে না। এই সময়সীমা শেষ হতে চলেছে। তাই তা বাড়ানোর সিদ্ধান্ত হয়েছে।

---

রাজ্য ভোট পরবর্তী হিংসা মোকাবিলায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখার মেয়াদ আর বাড়ালো না কলকাতা হাইকোর্ট। ২৬ শে জুন পর্যন্ত এই অনুমতি ছিল। বিচারপতি হরিশ ট্যান্ডন ও বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে আজ কেন্দ্রীয় বাহিনী রাখার মেয়াদ আর না বাড়ালেও নির্দেশ দিয়েছেন, যেসব জায়গায় আইনশৃঙ্খলা ফেরাতে রাজ্য পুলিশ পদক্ষেপ করবে। তারা ব্যর্থ হলে ব্যবস্থা নিতে পারবে কেন্দ্রীয় সরকার।

উল্লেখ্য, লোকসভা ভোটের ফল বেরনোর পর হিংসার ঘটনা রুখতে ১৯ শে জুন পর্যন্ত রাজ্য কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখার সিদ্ধান্ত নেয় নির্বাচন কমিশন। পরে আদালত তার মেয়াদ ২৬ শে জুন পর্যন্ত বৃদ্ধি করে।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সংসদের উভয় সভার যৌথ অধিবেশনে ভাষণ দেবেন।

অষ্টাদশ লোকসভা গঠিত হওয়ার পর এটিই হবে সংসদে রাষ্ট্রপতির প্রথম অভিভাষন।

রাজ্যসভার অধিবেশনও শুরু হচ্ছে আজ। প্রবীণ বিজেপি সাংসদ ওম বিড়লা গতকাল ধ্বনিভোটে অষ্টাদশ লোকসভার অধ্যক্ষ নির্বাচিত হন। সপ্তদশ লোকসভাতেও অধ্যক্ষ ছিলেন তিনি। প্রায় ৫০ বছর পর এই পদে নির্বাচন হয়। শ্রী বিড়লার বিরুদ্ধে বিরোধী জোট আইএনডিআইএ-র প্রার্থী হয়েছিলেন কংগ্রেসের ৮ বারের সাংসদ কে. সুরেশ।

-----

নবনির্বাচিত দুই বিধায়কের শপথগ্রহণকে কেন্দ্র করে এখনো জটিলতা অব্যাহত।

গতকালের পর আজও দুই বিধায়ক বিধানসভা ভবন চতুরে আহ্বানকারের মূর্তির সামনে ধর্ণায় বসবেন বলে জানিয়েছেন। শপথগ্রহণ নিয়ে জটিলতার প্রেক্ষিতে আইন মন্ত্রী মলয় ঘটক গতকাল বিধানসভার অধ্যক্ষের সঙ্গে বৈঠকে বসেন। পরবর্তী পদক্ষেপ সম্পর্কে আজ সিদ্ধান্ত নেওয়া হবে বলে অধ্যক্ষ সাংবাদিকদের জানান।

উল্লেখ্য, পূর্ব ঘোষনা মতোই ভগবানগোলা ও বরানগর কেন্দ্রের উপনির্বাচনে জয়ী দুই তৃণমূল কংগ্রেস প্রার্থী রেয়াত হোসেইন সরকার এবং সায়ন্ত্রিকা বন্দ্যোপাধ্যায়, রাজ্যপাল সি ভি আনন্দ বোসের জন্য গতকাল বিকেল চারটে পর্যন্ত বিধানসভা ভবনে

অপেক্ষা করেন। প্ল্যাকার্ড হাতে সিঁড়িতে ধর্ণাতেও বসেন তাঁরা। তাদের সঙ্গে যোগ দেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় এবং শাসকদলের একাধিক বিধায়ক।

অন্যদিকে, রাজভবনের রুমে গতকাল দুই বিধায়কের শপথ গ্রহণের প্রস্তুতি নেওয়া হয় বলে জানা গেছে। শেষ পর্যন্ত অবশ্য বিধানসভা ভবনে তাঁদের অপেক্ষা চলাকালীনই রাজ্যপাল দিল্লী রওনা হয়ে যান। গোটা ঘটনায় অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় কুকু প্রয়োজন হলেরাষ্ট্রপতির দ্বারস্থ হবেন বলেও জানিয়েছেন।

---

লোকসভা ভোটের জন্য তিনি মাস বন্ধ থাকার পর আগামী ৩০-শে জুন আবার শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত।

প্রধানমন্ত্রী হিসাবে টানা তৃতীয়বার দায়িত্ব নেবার পর এটিই হবে তাঁর প্রথম মন-কি-বাত। মন-কি-বাতের এটি ১১১-তম পর্ব।

জনসাধারণ তাঁদের বক্তব্য এবং পরামর্শ ২৮-শে জুনের মধ্যে টোল ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০-য় জানাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা MyGov ওপেন ফোরামেও তা জানানো যেতে পারে।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও

তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আংগুলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

---

বর্ষার মরসুমের শুরুতেই মশাবাহিত ডেঙ্গু রোগ মোকাবিলায় সব ধরনের ব্যবস্থা নিতে হবে বলে রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে আরও একবার নির্দেশ দিয়েছে। মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিকা রাজ্যের ডেঙ্গু পরিস্থিতি নিয়ে গতকাল নবান্ন থেকে রাজ্যের সব জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। পুরসভা ও পঞ্চায়েত এলাকায় কোথাও যাতে জল না জমে সেই নির্দেশ দেওয়ার পাশাপাশি নিকাশি ব্যবস্থা ও পরিষ্কার পরিচ্ছন্নতার ওপর জোর দেওয়ার কথাও বলেছেন তিনি। নবান্ন সূত্রে জানা গিয়েছে, গত বছরের পরিস্থিতি বিচার করে উত্তর চবিশ পরগনা, হাওড়া ও ভগলুর জেলাকে বিশেষ ভাবে সতর্ক থাকতে বলা হয়েছে।

---

মুশিদাবাদের রানীনগরে ভোট পরবর্তী হিংসার তদন্তভার জেলা পুলিশ সুপারকেই দিয়েছে কলকাতা হাইকোর্ট। পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগ তুলে কংগ্রেস, হাইকোর্টে

মামলা দায়ের করে। বিচারপতি অমৃতা সিনহা শুনানির পর প্রত্যেকটি অভিযোগের সঠিক তদন্ত এবং ঘরছাড়াদের নিঃশর্ত ঘরে ফিরিয়ে দেওয়া নিশ্চিত করতে বলেছেন পুলিশ সুপারকে। মামলার পরবর্তী শুনানি আগামী ১০ ই জুলাই।

---

বিরাটি স্টেশনে ব্যাগে ভরে শিশু চুরির অভিযোগ উঠলেও তা অসত্য বলে জানিয়েছে জিআরপি। গতকাল দক্ষপুরুর লোকাল থেকে এক মহিলা যাত্রীকে চোর সন্দেহে রেল পুলিশের হাতে তুলে দিয়েছিলেন অন্য যাত্রীরা। শিয়ালদা জিআরপি সূত্রে জানা গেছে, ব্যাগে ভরে শিশু চুরির যে অভিযোগ তোলা হয়েছে, তা সম্পূর্ণ অসত্য। বাচ্চাটি ঐ মহিলারই বলে প্রাথমিক তদন্তে জানা গেছে। ঐ পরিবারটি বামনগাছি এলাকার বলে জানা গেছে। রাতে শিশুটির বাবা থানায় এলে জিজ্ঞাসাবাদেপ পর শিশু ও মা কে ছেড়ে দেওয়া হয়।

উল্লেখ্য ছেলেধরা গুজব নিয়ে গত কয়েকদিন ধরে বিভিন্ন এলাকা মাঝেমাঝেই উত্পন্ন হয়েছে। মারধরের অভিযোগও রয়েছে একাধিক জায়গায়। প্রশাসনের তরফে বারবার গুজব না ছড়ানোর বার্তাও দেওয়া হয়েছে। প্রয়োজনে কঠোর ব্যবস্থাও নেওয়া হবে বলে ছঁশিয়ারি দিয়েছেন প্রশাসনিক আধিকারকি঱া।

---

মুর্শিদাবাদের লালগোলার নশিপুরের পরত্যক্ত বাড়িতে রাখা বোমাকে বল ভেবে খেলতে গিয়ে দুই শিশু গুরুতর জখম হয়েছে। রিয়া ও অর্ক মন্ডল নামে পঞ্চম ও চতুর্থ শ্রেণীর পড়ুয়া শিশু দুটি নশিপুর পঞ্চায়েতের নতুনদিয়ার চাঁইপাড়ার বাসিন্দা। গতকাল বিকেলে নদীর তীরে পরিত্যক্ত বাড়িতে খেলার সময় সুতলি বোমাতে পা দিয়ে আঘাত করতেই বিস্ফোরণ হয়। আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে প্রথমের জঙ্গীপুর মহকুমা হাসপাতাল পরে মুর্শিদাবাদ মেডিকেল কলেজ হাসপাতালে তাদের ভর্তি করা হয়েছে। এই জায়গায় বোমাগুলি কিভাবে এলো, তা তদন্ত করে দেখছে পুলিশ।

---

উত্তর ২৪ পরগনার পানিহাটি পুরসভার অন্তর্গত আগরপাড়া নর্থ স্টেশন রোড সংলগ্ন একটি বিদ্যুতের খুঁটিতে গত মধ্যরাতে আগুন লাগে। একাধিক বার বিস্ফোরণ হয়ে আগুনের ফুলকি চারিদিকে ছড়িয়ে পড়ে। এই খুঁটির কাছে একটি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়।। ঘটনায় আতঙ্কিত এলাকাবাসী বাড়ি থেকে বেরিয়ে আসে। দমকল, পুলিশ প্রায় ১ ঘণ্টার চেষ্টায় পরিস্থিতি নিয়ন্ত্রণে নিয়ে আসেন। ভকিং এর জেরে এমন ঘটনা হয়ে থাকতে পারে বলে এলাকাবাসীর আশঙ্কা। সব জেনেও প্রশাসন ও CESC এই বিষয়ে কোনরকম পদক্ষেপ নেয়নি বলেও অভিযোগ উঠছে।

---

অবৈধভাবে মোষ পাচারের সময় শিলিগুড়ি মহকুমার মুরালিগঞ্জ চেকপোস্টে  
বিধাননগর থানার পুলিশের হাতে ৬ জন ধরা পড়েছে। উদ্বার হয়েছে ৫৫ টি মোষ।  
বিহার থেকে আসাম হয়ে এই মোষগুলি কন্টেনার ও লরিতে বাংলাদেশে পাচার করা  
হচ্ছিল।

অন্যদিকে, কোচবিহারের সিতাই থানা এলাকায় বিএসএফ-এর পশ্চিম চামটা  
চৌকির ৩১ নম্বর গেটের পাশ দিয়ে মঙ্গলবার গভীর রাতে গরু পাচারের সময়  
বিএসএফ বাধা দিলে চোরা চালানকারীরা হামলা চালায় বলে অভিযোগ। পাল্টা গুলিতে  
এক পাচারকারী নিহত হয়। বাংলাদেশে তার দেহ নিয়ে যায় সঙ্গীরা। পরে বাংলাদেশের  
সীমান্তরক্ষী বাহিনী বিজিবি দেহ উদ্বার করেছে বলে বিএসএফ জানিয়েছেন।

---